



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন নং - ২০৪৭৪/৯২ (এন.এফ.এফ. অনুমোদিত)

প্রধান কার্যালয়ঃ- ২০/৪ শিল লেন, কলকাতা- ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স- ০৩৩ ২৩২৮৩৯৮৯; ই-মেলঃ- [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

১৭ জুলাই, ২০২০

প্রতি -

মাননীয় মৎস্য অধিকর্তা,  
মৎস্য অধিকার,  
পশ্চিমবঙ্গ সরকার

বিষয়ঃ অভ্যন্তরীণ মৎস্যক্ষেত্রে নৌকা রেজিস্ট্রেশন চালু করার দাবি

মাননীয় মহাশয়া,

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের পক্ষ থেকে হার্দিক অভিনন্দন।

উপরে উল্লিখিত বিষয়ে মৎস্য অধিকর্তার প্রতি লিখিত আমাদের ২৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখের চিঠি (প্রতিলিপি সংযোজিত) সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি অত্যন্ত জরুরী এবং আপনার সুচিন্তিত ও কার্যকরী হস্তক্ষেপের অপেক্ষা রাখে।

আমরা দুঃখের সাথে জানাচ্ছি যে আমাদের ২৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখের চিঠির কোন উত্তর আমরা এখনো পর্যন্ত পাইনি।


আমরা আপনার কাছে অবিলম্বে পশ্চিমবঙ্গ সামুদ্রিক মৎস্যশিকার নিয়ন্ত্রণ আইন অথবা পশ্চিমবঙ্গ অভ্যন্তরীণ মৎস্যক্ষেত্র আইনের অধীনে অভ্যন্তরীণ মৎস্যক্ষেত্রে মাছধরা নৌকার রেজিস্ট্রেশন চালু করার দাবি জানাচ্ছি। প্রয়োজনে এর জন্য সংশ্লিষ্ট আইন বা বিধি সংশোধন করা যেতে পারে। অভ্যন্তরীণ মৎস্যক্ষেত্রে নৌকা রেজিস্ট্রেশন চালু করার ক্ষেত্রে দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম মৎস্যদপ্তরের সাথে সর্বোত্তমভাবে সহযোগিতা করতে প্রস্তুত থাকবে।

ধন্যবাদান্তে,

প্রদীপ চ্যাটার্জী  
সভাপতি

মিলন দাস  
সাধারণ সম্পাদক

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম





# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন নং - ২০৪৭৪/৯২ (এন.এফ.এফ. অনুমোদিত)

প্রধান কার্যালয়ঃ- ২০/৪ শিল লেন, কলকাতা- ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স- ০৩৩ ২৩২৮৩৯৮৯; ই-মেলঃ- [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

২৬ সেপ্টেম্বর, ২০১৯

প্রতি -

অধিকর্তা, মৎস্য বিভাগ  
পশ্চিমবঙ্গ সরকার

বিষয়ঃ অভ্যন্তরীণ মৎস্যক্ষেত্রে নৌকা রেজিস্ট্রেশন চালু করার দাবি

মাননীয় মহাশয়,

মাছধরা নৌকার সরকারি (আইনি) স্বীকৃতি, নৌকার মালিকানা ও মাছধরার এলাকার চিহ্নিতকরণ, নির্দিষ্ট মৎস্যক্ষেত্রে মাছধরা নৌকা ও জালের পরিসংখ্যান এবং জাতীয় নিরাপত্তার প্রয়োজনে অভ্যন্তরীণ মৎস্যক্ষেত্রে নদী, জলাধার, জলাশয় ও জলাভূমিতে মাছধরায় রত নৌকাগুলির নিবন্ধীকরণ (রেজিস্ট্রেশন) অত্যন্ত জরুরী।

উপকূল অঞ্চলে সামুদ্রিক মৎস্যক্ষেত্রে মাছধরা নৌকার রেজিস্ট্রেশন চালু আছে। মটর বা ইঞ্জিন চালিত মাছধরা নৌকাগুলি ইন্ডিয়ান মার্চেন্ট শিপিং এ্যাক্টের অধীনে এবং হস্তচালিত নৌকাগুলি পশ্চিমবঙ্গ সামুদ্রিক মৎস্যশিকার নিয়ন্ত্রণ আইনের অধীনে নিবন্ধীকৃত হয়। কিন্তু অভ্যন্তরীণ মৎস্যক্ষেত্রে মৎস্যদপ্তরের দ্বারা মাছধরা নৌকার নিবন্ধীকরণের কোন ব্যবস্থা নেই।

পশ্চিমবঙ্গ একটি সীমান্তবর্তী রাজ্য। বেশ কয়েকটি নদী ও জলাশয় সীমান্ত সংলগ্ন। এই রাজ্যে মাছধরা নৌকার রেজিস্ট্রেশন অতিরিক্ত গুরুত্বের দাবি রাখে।

এই পরিপ্রেক্ষিতে আমরা আপনার কাছে অবিলম্বে পশ্চিমবঙ্গ সামুদ্রিক মৎস্যশিকার নিয়ন্ত্রণ আইনের অধীনে অভ্যন্তরীণ মৎস্যক্ষেত্রে মাছধরা নৌকার রেজিস্ট্রেশন চালু করার দাবি জানাচ্ছি। এ বিষয়ে দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম মৎস্যদপ্তরের সাথে সর্বোত্তমভাবে সহযোগিতা করতে প্রস্তুত থাকবে।

ধন্যবাদান্তে,

প্রদীপ চ্যাটার্জী  
সভাপতি

o/e

মিলন দাস  
সাধারণ সম্পাদক

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম